

মুসনাদে আহমাদ

হাদিস নম্বরঃ ৯৪৩

(মসন্দ علي بن أبي طالب) [আলীর বর্ণিত হাদীস] (রাঃ) আবু তালিব

আরবী

حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ يُونُسَ، عَنْ شَرِيكَ، عَنِ السُّدِّيِّ، عَنْ عَبْدِ خَيْرٍ، قَالَ: رَأَيْتُ عَلِيًّا دَعَا بِمَاءٍ لِيَتَوَضَّأَ، فَتَمَسَّحَ بِهِ تَمَسُّحًا، وَمَسَحَ عَلَى ظَهْرِ قَدَمَيْهِ، ثُمَّ قَالَ: هَذَا وُضُوءٌ مَنْ لَمْ يُحَدِّثْ "، ثُمَّ قَالَ: لَوْلَا أَنِّي رَأَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَسَحَ عَلَى ظَهْرِ قَدَمَيْهِ رَأَيْتُ أَنَّ بَطُونَهُمَا أَحَقُّ، ثُمَّ شَرِبَ فَضَلَ وَضُوئِهِ وَهُوَ قَائِمٌ "، ثُمَّ قَالَ: " أَيْنَ الَّذِينَ يَزْعُمُونَ أَنَّهُ لَا يَنْبَغِي لِأَحَدٍ أَنْ يَشْرَبَ قَائِمًا؟

حديث حسن، شريك- وإن كان سيئ الحفظ- قد توبع. السدي: هو إسماعيل بن عبد الرحمن بن أبي كريمة وأخرجه بنحوه مختصراً الطحاوي 1/35 من طريق محمد بن الأصبهاني، عن شريك، بهذا الإسناد. وسيأتي برقم (970)، وانظر (737)

বাংলা

৯৪৩। আবদ খায়র বলেন, আমি আলী (রাঃ)-কে দেখেছি, তিনি ওযু করার জন্য পানি চাইলেন। পানি দিয়ে তিনি উত্তমরূপে মাসেহ করলেন এবং পায়ের পিঠে মাসেহ করলেন। তারপর বললেন, এ হলো যার ওযু ভগ্ন হয়নি, তার ওযু। আমি যদি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে পায়ের পিঠে মাসেহ করতে না দেখতাম, তাহলে পায়ের তলায় মাসেহ করা অধিকতর যুক্তিসংগত মনে করতাম। তারপর আলী (রাঃ) ওযুর উদ্ধৃত পানি দাঁড়িয়ে পান করলেন। তারপর বললেন, যারা দাবী করে দাঁড়িয়ে পানি পান করা অনুচিত, তারা কোথায়?

[ইবনু খুযাইমা-২০০, মুসনাদে আহমাদ-৯৭০]

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষণ বাকি

পাবলিশারঃ বাংলাদেশ ইসলামিক সেন্টার

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=64229>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন